নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ ----
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), এফ এম বিভাগ-২

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪২৪.৩৭.১১৯.২৪** নথির বিষয়: এফ.এম বিভাগ-২ এর আওতাধীন মডস জোন -৪ এর মিরপুর-২/এইচ, পাম্প-স্টেশনে কূপের অভ্যন্তরে ছিঁড়ে পড়ে যাওয়া সাব-পাম্প মোটর সেট ও কলাম পাইপ উত্তোলন কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: **এফ.এম বিভাগ-২ এর আওতাধীন মডস জোন -৪ এর মিরপুর-২/এইচ, পাম্প-স্টেশনে কূপের অভ্যন্তরে ছিঁড়ে পড়ে যাওয়া সাব-পাম্প মোটর সেট ও কলাম পাইপ উত্তোলন কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২৩/১০/২৪ ৮:৫৮ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সবিনয়ে জানানো যাচ্ছে যে, এফ.এম বিভাগ-২ এর আওতাধীন মডস জোন -৪ এর মিরপুর-২/এইচ পানির পাম্পটির ব্রেকডাউন কাজ করার জন্য মডস জোন ৪ হতে অভিযোগ কেন্দ্রের মাধ্যমে এফ.এম.বিভাগ-২ কে জানানো হয়। তদানুযায়ী অত্র বিভাগের জনবল দ্বারা বিদ্যমান পাম্প উত্তোলন করার সময় কলাম পাইপের ফ্লাঞ্জ ভেঙ্গে ফ্লাঞ্জ বিহীন কলাম পাইপ ও সাব-পাম্প সেট আলাদা হয়ে কূপের অভ্যন্তরে ২৮০ ফুট গভীরে পড়ে যায়। পতিত সাব-পাম্প মোটর ও কলাম পাইপ উত্তোলন করার জন্য প্রয়োজন অনুযায়ী এফ.এম.বিভাগ-২ এর ক্যাচার মডিফাই করে উত্তোলনের জন্য একাধিক বার চেষ্টা করা হয়। উক্ত কাজে বাইরে থেকে জনবল ও উচ্চ ক্ষমতা সম্পন্ন ৪০ টন ক্ষমতার স্ক্রু জ্যাক ভাড়া করা হয় এবং দক্ষ জনবল নিয়োজিত করা হয়। ক্যাচার মডিফাই করে দুইদিন পর পতিত হওয়া ফ্লাঞ্জ সহ কলাম পাইপ ও সাব-পাম্প সেট ২৮০ ফুট গভীরে পড়ে যাওয়া কূপ থেকে উত্তোলন করা সম্ভব হয় (বিবেচ্য সংযুক্তি: কূপের অভ্যন্তরে ছিঁড়ে পড়ে যাওয়া সাব-পাম্প মোটর সেট ও কলাম পাইপ উত্তোলনের চলমান কাজের ছবি,সদয় দ্রষ্টব্য)। আলোচ্য কাজটি সম্পন্ন করার জন্য বিশেষায়িত ক্যাচার বানানো, ৪০ টন ক্ষমতার স্ক্রু জ্যাক ভাড়া করা ও দৈনিক মজুরীর ভিত্তিতে জনবল খাটানোর জন্য (বিবেচ্য সংযুক্তি: পূর্বানুমোদিত দরের কপি,সদয় দ্রষ্টব্য) অনুযায়ী (বিবেচ্য সংযুক্তি: কারিগরি প্রতিবেদন,সদয় দ্রষ্টব্য) মোতাবেক (বিবেচ্য সংযুক্তি: আলোচ্য কাজের প্রাক্কলন,সদয় দ্রষ্টব্য) তৈরি করে উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলনে আলোচ্য কাজের সর্বমোট ব্যয়ভার দাঁড়িয়েছে=২৪,১০০/-(চব্বিশ হাজার একশত) টাকা মাত্র। আলোচ্য ব্যয়ভার (বিবেচ্য সংযুক্তি: অত্র বিভাগের অনুকূলে ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি,সদয় দ্রষ্টব্য) এর মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতের ক্রমিক নং-৮২ হতে নির্বাহ করা হবে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৫):

১। অত্র বিভাগের অনুকূলে ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি.
২। কূপের অভ্যন্তরে ছিঁড়ে পড়ে যাওয়া সাব-পাম্প মোটর সেট ও কলাম পাইপ উত্তোলনের চলমান কাজের ছবি.
৩। পূর্বানুমোদিত দরের কপি.
৪। কারিগরি প্রতিবেদন.
৫। আলোচ্য কাজের প্রাক্কলন.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২৩/১০/২৪ ৮:৫৮ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে কাজটি জরুরী বিবেচনায় .এম বিভাগ-২ এর আওতাধীন মডস জোন -৪ এর মিরপুর-২/এইচ, পাম্প-স্টেশনে কূপের অভ্যন্তরে ছিঁড়ে পড়ে যাওয়া সাব-পাম্প মোটর সেট ও কলাম পাইপ উত্তোলন কাজে উপস্থাপিত সর্বমোট=২৪,১০০/-(চব্বিশ হাজার একশত) টাকা মাত্র, প্রাক্কলনটি পিপিআর-২০০৮ এর ৮১(১) এর বিধি মোতাবেক বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য,বর্ণিত কাজের জন্য চেকের মাধ্যমে আনীত টাকা পরবর্তীতেভাউচার দ্বারা সমন্বয় করা হবে।

২৩/১০/২৪ ৯:৩১ অপরাহ্ন মোহাম্মদ মোহাম্মদ শাহাদাত হোসেন, হোসেন উপ-সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২	২৩/১০/২৪ ৯:৩৭ অপরাহ্ন মোঃ আমিনুল হক সহকারী প্রকৌশলী এফ এম বিভাগ-২	২৩/১০/২৪ ১০:১৫ অপরাহ্ন শেখ আরিফ রহমান জিতু নির্বাহী প্রকৌশলী এফ এম বিভাগ-২	২৪/১০/২৪ ৯:৩৯ পূর্বাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল

~~২৪/১০/২৪ ৯:৩৯ পূর্বাহ্ন~~
~~মুস্তাফিজুর রহমান~~
~~প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২৫/১০/২৪ ১২:৪৬ পূর্বাহ্ন

Okay

২৫/১০/২৪ ১২:৪৭ পূর্বাহ্ন মুস্তাফিজুর রহমান প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	২৭/১০/২৪ ৬:১১ অপরাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল	~~২৭/১০/২৪ ৬:১১ অপরাহ্ন~~ ~~শেখ আরিফ রহমান জিতু~~ ~~নির্বাহী প্রকৌশলী~~ ~~এফ এম বিভাগ-২~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৮/১০/২৪ ১২:২০ পূর্বাহ্ন

ব্যবস্থা নিন



২৮/১০/২৪ ১২:২১ পূর্বাহ্ন
শেখ আরিফ রহমান জিতু
নির্বাহী প্রকৌশলী
এফ এম বিভাগ-২



২৮/১০/২৪ ৪:১৩ অপরাহ্ন
মোহাম্মদ মোহাম্মদ শাহাদাত হোসেন, হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-২